



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/6/2022

গভর্নর ক্যাথি হোকল

**উপযুক্ত ভোটগুলো গণনা হওয়া নিশ্চিত করতে গভর্নর হোকলের আইন স্বাক্ষর**

**এই আইন (S.284C/A.642C) ভুল ভোটকেন্দ্রে উপস্থিত হওয়া উপযুক্ত ভোটারদের প্রদান করা এফিডেভিট ব্যালট গণনা করা ও প্রকাশ করা আবশ্যিক করছে, তবে শর্ত হচ্ছে উক্ত ভোটারকে সঠিক কাউন্টি ও অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে থাকতে হবে**

**উপযুক্ত ভোটারদের সম্পূর্ণ ব্যালট অপ্রয়োজনীয়ভাবে অবৈধ হয়ে যাওয়া প্রতিরোধ করে**

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্কবাসীদের ভোটদানের অধিকার এবং ভোটগ্রহণ প্রক্রিয়া উন্নত করার জন্য আইন স্বাক্ষর করেছেন। এই আইন (S.284C/A.642C) ভুল ভোটকেন্দ্রে উপস্থিত হওয়া উপযুক্ত ভোটারদের প্রদান করা এফিডেভিট ব্যালট গণনা করা ও প্রকাশ করা আবশ্যিক করছে, যতক্ষণ পর্যন্ত তারা সঠিক কাউন্টি ও অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে ভোট প্রদান করছেন। এই নতুন আইন নিউ ইয়র্কবাসীদের ভোট দেওয়ার এবং যেসব নির্বাচনী প্রতিযোগিতায় তাদের ভোটদানের অধিকার রয়েছে সেগুলোতে তাদের ব্যালট বিবেচ্য হওয়ার অধিকারের সুরক্ষা জোরদার করে এবং একইসাথে নির্বাচনী প্রক্রিয়ায় ভোটারদের অংশগ্রহণকে উৎসাহিত করে।

"জটিল ও অস্পষ্ট ভোটগ্রহণ প্রক্রিয়ার কারণে ব্যালট বাক্সের অ্যাক্সেস রুদ্ধ হয়ে থাকা উচিত নয়, **বলেছেন গভর্নর হোকল।**" নিউ ইয়র্ক ভোটদানের মৌলিক অধিকার সুরক্ষিত রাখার জন্য অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করার ক্ষেত্রে দেশের নেতৃত্ব দেওয়া অব্যাহত রেখেছে। আমার প্রশাসন ভোটারদের ক্ষমতায়ন করা এবং স্টেটের নির্বাচনী প্রক্রিয়া উন্নত করার জন্য অঙ্গীকারাবদ্ধ, যেটি অনেক দীর্ঘ সময় ধরে অনেক বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীকে বঞ্চিত করে রেখেছে।"

এই আইন (S.284C/A.642C) নিউ ইয়র্কবাসীদের ভোট প্রদানের মৌলিক অধিকার সুরক্ষিত রাখছে এবং যতক্ষণ পর্যন্ত সেই ব্যক্তি সঠিক কাউন্টি ও অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে ভোট দিচ্ছেন, ততক্ষণ ভুল ভোটকেন্দ্রে উপস্থিত হওয়া উপযুক্ত ভোটারের এফিডেভিট ব্যালট গণনা করা ও প্রকাশ করা আবশ্যিক করার মাধ্যমে নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণকে উৎসাহিত করছে। নির্বাচনের দিন ভোটাররা অনিচ্ছাকৃতভাবে ভুল ভোটকেন্দ্রে গিয়ে উপস্থিত হতে পারেন। অন্যান্য কারণের মধ্যে, তাদের ভোটকেন্দ্রের অবস্থান সম্প্রতি পরিবর্তন হয়ে থাকলে অথবা

কিভাবে ও কোথায় ভোট দিতে হবে সে সম্পর্কে তাদেরকে ভুল তথ্য দেওয়া হয়ে থাকলে, এমনটি ঘটতে পারে। বর্তমানে, ভুল ভোটকেন্দ্রে কিন্তু সঠিক কাউন্টি ও অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে ব্যালট জমা দেওয়া কোনো ভোটারের সম্পূর্ণ ব্যালট অবৈধ হয়ে যায়, যার মধ্যে সব উপযুক্ত ভোটারের অংশগ্রহণ করার অনুমতি রয়েছে এমন ডিস্ট্রিক্ট পর্যায়ের, স্টেট পর্যায়ের, ও ফেডারেল নির্বাচনী প্রতিযোগিতা অন্তর্ভুক্ত রয়েছে। এই নতুন আইন নিউ ইয়র্কবাসীরা যেসব প্রতিযোগিতায় ভোট দেওয়ার অধিকার রাখেন সেগুলোতে এধরনের ব্যালট গণনা ও প্রকাশ করার সুযোগ প্রদান করবে।

**স্টেট সিনেটর জেলনর মাইরি বলেন,** "গত চার বছরে, ভোটারদের জন্য প্রতিবন্ধকতাসমূহ কমিয়ে আনতে এবং আমাদের গণতন্ত্রে প্রত্যেকের কণ্ঠস্বর শুনতে পাওয়ার বিষয়টি নিশ্চিত করতে নিউ ইয়র্ক অন্য যেকোনো স্টেটের চেয়ে বেশি অবদান রেখেছে। এই নতুন আইন বৈধ ভোট গণনা করার আরো বেশি কারণ এবং সেগুলোকে অনুপযুক্ত বিবেচনা করার অপেক্ষাকৃত কম কারণ খুঁজে বের করার মাধ্যমে সেই অগ্রগতিকে আরো এগিয়ে নিয়ে যাচ্ছে। এই আইন স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি, অ্যাসেম্বলি সদস্য ববি ক্যারলের প্রতি, এবং এই বিলকে বাস্তবে পরিণত করার জন্য যারা নিরলসভাবে কাজ করে গেছেন সেসব অ্যাডভোকেটের প্রতি কৃতজ্ঞ।"

**অ্যাসেম্বলি সদস্য রবার্ট সি. ক্যারল বলেন,** "ব্যালটটি ভোটারকে যে ভোটকেন্দ্রে নিযুক্ত করা হয়েছে সেখানে জমা দেওয়া হয়েছে কিনা তা নির্বিশেষে, সঠিক কাউন্টি ও অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টে এফিডেভিট ব্যালট জমা দেওয়া সব উপযুক্ত ভোটারের ভোট যাতে তারা যেসব নির্বাচনী প্রতিযোগিতার জন্য ভোট দেওয়ার যোগ্যতা রাখেন সেগুলোর জন্য গণনা করা হয় সে বিষয়টি নিশ্চিত করার জন্য আমার বিল, A.642-B/S.284-C এ স্বাক্ষর করায় আমি গভর্নরকে সাধুবাদ জানাই। আমাদের গণতন্ত্র যখন হামলার সম্মুখীন হচ্ছে এমন এক সময়ে উপযুক্ত ভোটারদের ব্যালট গণনা হওয়া নিশ্চিত করতে নিউ ইয়র্কের জন্য এর সাধ্যমতো সব প্রচেষ্টা সম্পন্ন করা অপরিহার্য। এই আইনের ফলে, নিউ ইয়র্ক কোনো ভোটারের নিজ কাউন্টি ও অ্যাসেম্বলি ডিস্ট্রিক্টের মধ্যে ভুল ভোটকেন্দ্রে চলে যাওয়ার কারণে অন্যথায় বৈধ বিবেচ্য হওয়া ব্যালটকে আর অবৈধ বলে বিবেচনা করবে না। ভোট ব্যবস্থার এই অতি গুরুত্বপূর্ণ পুনর্গঠন হাজার হাজার ভোটারের অধিকার সুরক্ষিত থাকার নিশ্চিত করতে সাহায্য করবে।"

সাধারণ বিবেচনাবোধের সাথে সঙ্গতিপূর্ণ এই পদক্ষেপ নিউ ইয়র্ক স্টেটের ভোটারদের ক্ষমতায়ন করার জন্য গভর্নর হোকলের প্রচেষ্টার সঙ্গে যোগ হচ্ছে। জুন মাসে, গভর্নর [মাইলফলকস্বরূপ জন আর. লুইস ভোটাধিকার আইন](#) স্বাক্ষর করেছেন, যেটি জাতিগত, নৃতাত্ত্বিক, ও ভাষাভিত্তিক সংখ্যালঘু গোষ্ঠীগুলোর সদস্যদের জন্য ভোটার সুরক্ষা সম্প্রসারণ করেছে। এছাড়াও গভর্নর অ্যাবসেন্ট ব্যালট সুরক্ষিত রাখার জন্য [আইন](#) স্বাক্ষর করেছেন, যা নিশ্চিত করেছে যে যতক্ষণ পর্যন্ত ভোটারের অভিপ্রায় দ্ব্যর্থহীনভাবে প্রকাশিত হচ্ছে ততক্ষণ অনিচ্ছাকৃতভাবে দাগ লেগে যাওয়া বা লেখার জন্য ব্যালট বাতিল হবে না।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)-এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418